



ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

DHAKA SOUTH CITY CORPORATION

নগর ভবন, ঢাকা-১০০০

ফোনঃ ০২২২৩৩৮৬০১৪, ০২২২৩৩৮৭৪৩১

E-mail: info@dsc.gov.bd; Web Address: www.dsc.gov.bd

আমাদের ঢাকা

আমাদের গতি

Seen
uploaded to REHAU
website

স্মারক সংখ্যাঃ-৪৬.২০৭. ০০০ ১১.০১. ৬০৪, .২০২৬

তারিখ- ২৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০২ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ- বাণিজ্যিক ভিত্তিতে পরিচালিত এ্যাপার্টমেন্টসমূহের আঞ্জিনা ও আশপাশ এডিস মশার বংশ বিস্তারের স্থানসমূহ ধ্বংসকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন সময়ে পরিচালিত জরিপের তথ্যানুযায়ী রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর আওতায় নির্মাণাধীন এ্যাপার্টমেন্টসমূহের কিউরিং চৌবাচ্চায় জমে থাকা পানিতে ৪০% এডিস মশার লার্ভা পাওয়া গিয়েছে। এ প্রেক্ষিতে জমে থাকা পানিতে, চৌবাচ্চা, আঞ্জিনা ও আশপাশসহ এডিস মশার বংশ বিস্তারের সহায়ক হিসাবে যে সব উপকরণাদি/স্থানসমূহ রয়েছে সে সব উপকরণাদি ধ্বংস করা ও মশার বংশ বিস্তারের স্থানসমূহ (বিশেষ করে চৌবাচ্চার পানি ০৩ দিন অন্তর পরিবর্তন করা এবং কিউরিং এর চৌবাচ্চায় ম্যালেরিয়া অয়েল-বি/কেরোসিন তেল ব্যবহার আবশ্যিকসহ) পরিষ্কার পরিচ্ছন্ন রাখা প্রয়োজন বিধায় আপনার নিয়ন্ত্রণাধীন নির্মায়মান বাণিজ্যিক ও আবাসিক ভবন/এ্যাপার্টমেন্টসমূহের মালিক/পরিচালকদের পক্ষ হতে নির্দেশনা প্রদান করা প্রয়োজন।

এমতাবস্থায়, রিহ্যাব এর নিয়ন্ত্রণাধীন নির্মায়মান বাণিজ্যিক ও আবাসিক ভবন/এ্যাপার্টমেন্টসমূহের মালিক/পরিচালকদের উপরোক্ত বিষয়গুলো প্রতিপালনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে তাগিদ দেবার জন্য অনুরোধ করা হলো।

✓ সভাপতি/সাধারণ সম্পাদক
রিহ্যাব, ঢাকা।


(মোঃ জাহিরুল ইসলাম)

প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
ফোন-০২-২২৩৩৮৩৫১০
ই-মেইল- ceo@dsc.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, টাডসিক
৪. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, টাডসিক
৫. মাননীয় প্রশাসক ঐর একান্ত সচিব (প্রশাসক মহোদয় ঐর সদয় অবগতির জন্য) টাডসিক
৬. অফিস/নথি কপি

নিজ আঞ্জিনা পরিষ্কার করি-পরিচ্ছন্ন নগর গড়ি, নিয়মিত প্রতিদিন-জমা পানি ফেলে দিন
সময়মত পৌরকর পরিশোধ করি-নগর উন্নয়নে সহায়তা করি